

এফিডেভিটের মাধ্যমে বিয়ে পড়ানো ও নিবন্ধন করা নিষিদ্ধ আইন মন্ত্রণালয়ের আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা- ৬
সরকারী পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

স্মারক নং- আর-৬/৭এন-৮/২০১৫-১৭৫

তারিখ:- ২৯/০৪/২০১৫ খ্রিঃ

বিষয়: প্রধানমন্ত্রী কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক বাল্যবিবাহ নিরোধে কাজীদের ভূমিকা সংক্রান্ত ১৯/১১/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে “নোটারী পাবলিক এফিডেভিটের মাধ্যমে বিয়ে পড়াতে বা নিবন্ধন করাতে পারেন না সে বিষয়টি জনসাধারণকে ব্যাপকভাবে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অত্র বিভাগকে নির্দেশ দিয়েছেন।” মুসলিম আইন অনুযায়ী বিবাহের আবশ্যকীয় উপাদান হচ্ছে: (ক) বর বা কনে এদের কোন এক পক্ষ কর্তৃক বিবাহের প্রস্তাব প্রদান: (খ) অন্য পক্ষ কর্তৃক উক্ত প্রস্তাব গ্রহণ: (গ) কমপক্ষে ০২ (দুই) জন সাক্ষী থাকা: এবং (ঘ) দেনমোহর থাকা। এগুলোর কোন একটি অনুপস্থিতি থাকলে বিবাহ সিদ্ধ হবে না। অধিকন্তু, The Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 এর ৩ ধারার বিধান অনুযায়ী প্রত্যেকটি মুসলিম বিবাহ রেজিস্ট্রেশন হওয়া বাধ্যতামূলক করা হয়েছে এবং এই রেজিস্ট্রেশন করার এখতিয়ার কেবলমাত্র নিকাহ রেজিস্ট্রারগণের। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নোটারী পাবলিক কর্তৃক পাত্র/পাত্রী কর্তৃক কেবলমাত্র একটি ঘোষণা সম্বলিত এফিডেভিটের মাধ্যমে তথাকথিত বিয়ে পড়ানো হচ্ছে, যা আইনে মোটেও স্বীকৃত নয়। এতে একদিকে যেমন বিবাহের বৈধতা নিয়ে প্রশ্ন দেখা দেয় তেমনি অন্যদিকে বিবাহ বা তালাক রেজিস্ট্রী না হওয়ায় উহার কোন আইনগত দালিলিক সুরক্ষাও থাকে না। তাছাড়া নোটারী পাবলিকের নিকট এরূপ ঘোষণার আইনগত কোন ভিত্তিও নাই। বিধায় নোটারী পাবলিক কর্তৃক এফিডেভিটের মাধ্যমে বিবাহ পাড়ানো ও তালাক রেজিস্ট্রী বন্ধ হওয়া আবশ্যিক।

এমতাবস্থায়, আইনে স্বীকৃত না হওয়ায় নোটারী পাবলিকগণকে এফিডেভিটের মাধ্যমে বিয়ে/তালাক পড়াতে বা নিবন্ধন না করতে নির্দেশ দেয়া হলো এবং উক্ত নির্দেশাবলী সংশ্লিষ্ট নোটারী পাবলিকগণকে অবহিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা জজ, জেলা প্রশাসক ও আইনজীবী সমিতির সভাপতিকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
২৯/০৪/২০১৫
(মোঃ নরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৬০১০

প্রচারে: উপজেলা প্রশাসন, শাজাহানপুর, বগুড়া।

[https:// Shajahanpur.bogra.gov.bd](https://Shajahanpur.bogra.gov.bd)